



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- জে. প্রশা. সি/পনি-৬১৭

তারিখ : ০৪/১০/২০১৭

বিষয় : ২০১৭ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা পরিচালনার জন্য 'কেন্দ্র কমিটি' গঠন প্রসঙ্গে

২০১৭ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা সুষ্ঠু, স্বাভাবিক, সুশৃংখল পরিবেশে পরিচালনার নিমিত্ত রাজশাহী শিক্ষা বোর্ডের 'জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০১৭' অনুসারে ১৫ (পনের) সদস্য বিশিষ্ট 'কেন্দ্র কমিটি' গঠনের জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হ'ল। কেন্দ্র কমিটি ১ (এক) জন সভাপতি এবং ১৪ (চৌদ্দ) জন সদস্য নিয়ে গঠিত হবে। জেলা সদরে অবস্থিত কেন্দ্র কমিটির সভাপতি হবেন সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ তাঁর মনোনীত প্রতিনিধি এবং উপজেলা পর্যায়ে কেন্দ্র কমিটির সভাপতি হবেন সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/প্রথম শ্রেণীর একজন সরকারি কর্মকর্তা।

কেন্দ্র কমিটিতে বিভাগীয় সদরে উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, জেলা সদরে জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা পর্যায়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে সদস্য হিসাবে মনোনীত করতে হবে। রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত কেন্দ্রের আওতাধীন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক/স্থানীয় মহাবিদ্যালয়ের অধ্যক্ষ (প্রয়োজনমত), একজন মেডিকেল অফিসার এবং একজন পুলিশের কর্মকর্তা কেন্দ্র কমিটিতে সদস্য হিসাবে থাকবেন। শিক্ষানুরাগী হিসাবে সর্বোচ্চ তিনজন ব্যক্তি সভাপতি কর্তৃক সদস্য হিসাবে মনোনীত হবেন।

সভাপতি ও সদস্যগণ কর্তৃক 'কেন্দ্র সচিব' মনোনীত হবেন। কেন্দ্র হিসাবে বিবেচিত প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক কেন্দ্র সচিব হবেন। তবে যেসকল ক্ষেত্রে কেন্দ্র সচিব নির্ধারিত নেই সেক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কেন্দ্র সচিব হবেন। উল্লেখ্য, কোন শিক্ষক অথবা কোন কর্মকর্তার ছেলে/মেয়ে/পোষ্য সংশ্লিষ্ট কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি ঐ পরীক্ষায় কেন্দ্র সচিব হতে পারবেন না। কেন্দ্র কমিটি গঠনের পর কেন্দ্রীয় গঠিত কমিটির সদস্যবৃন্দের নামের তালিকা নিম্নস্বাক্ষরকারীর নিকট ১৫/১০/২০১৭ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।

প্রাপক

জেলা প্রশাসক

রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল

১. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
২. সিভিল সার্জন/পুলিশ সুপার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলা
৩. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলার উপজেলা নির্বাহী অফিসার
৪. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৫. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলার মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
৬. কেন্দ্র সচিব / অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

.....উচ্চ বিদ্যালয় / কলেজ

ডাক : জেলা :। তাঁর বিদ্যালয়কে ২০১৭ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা গ্রহণের জন্য পরীক্ষা কেন্দ্র নির্বাচন করা হয়েছে। তাঁকে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগ করে যথাসময়ে পরীক্ষার কেন্দ্র কমিটি গঠন সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পন্ন করতে অনুরোধ করা হ'ল

৭. অফিস নথি।

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (জেএসসি)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন ০৭২১-৭৭৫১১৯